

ঢাকা ওয়াসা

বিষয়ঃ ০২ ব্যাচে “বাজেট প্রস্তুত ও বাজেট ম্যানেজমেন্ট সফ্টওয়্যারের ব্যবহার”-শীর্ষক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

০১। বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক ০২ ব্যাচে “বাজেট প্রস্তুত ও বাজেট ম্যানেজমেন্ট সফ্টওয়্যারের ব্যবহার”-শীর্ষক প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। ঢাকা ওয়াসা বিভিন্ন অফিস/বিভাগ/জোন এ কর্মরত বাজেট প্রস্তুত কাজের সাথে সংশ্লিষ্ট প্রতি ব্যাচে ৪০ জন হিসেবে মোট ৮০ (আশি) জন কর্মকর্তাকে (সংযুক্তি-১) ০২ ব্যাচে উক্ত প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণার্থীগণ যাতে বাজেট প্রস্তুত সম্পর্কে সম্যক ধারণা এবং বাজেট ম্যানেজমেন্ট সফ্টওয়্যারে প্রস্তুতকৃত বাজেট দক্ষতার সাথে ও সুচারুরূপে অন্তর্ভুক্ত করতে পারেন সে নিরিখে প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন করা হয়েছে। ০২ ব্যাচের উক্ত প্রশিক্ষণ যথাক্রমে আগামী ২০ মে ২০২৬ (১ম ব্যাচ), ২১ মে ২০২৬ (২য় ব্যাচ) অথবা সুবিধাজনক সময়ে শীতলক্ষ্যা মাল্টিপারপাস হল, ওয়াসা ভবন এ আয়োজন করা যেতে পারে। উক্ত প্রশিক্ষণের ০২ ব্যাচে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত ৮০ (আশি) জন কর্মকর্তার মনোনয়ন অনুমোদন করা যেতে পারে। প্রস্তাবিত খসড়া তালিকায় উল্লিখিত কোন কর্মকর্তা যৌক্তিক কারণে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে অপারগ হলে সমপর্যায়ের অন্য আগ্রহী কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হবে। প্রশিক্ষণটিতে বক্তৃতা প্রদানের জন্য ঢাকা ওয়াসার উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ) মহোদয়সহ বাজেট বিভাগের বাজেট ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো হবে।

০২। পূর্ণকর্মদিবসব্যাপী ০২ ব্যাচে ৮০ (আশি) জনের জন্য উক্ত প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	৩৯,৬০০/-	(৩ সেসন ৩,৬০০/- টাকা হারে+৩ সেসন ৩,০০০/- টাকা হারে)×২ ব্যাচ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৬৪,০০০/-	০২ ব্যাচের ৮০ জন ৮০০/- হারে
(গ) কোর্স পরিচালকের সম্মানী	৪,০০০/-	প্রতিদিন ২,০০০/- টাকা হারে ২ ব্যাচ
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	৩,০০০/-	প্রতিদিন ১,৫০০/- টাকা হারে ২ ব্যাচ
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	৬,০০০/-	৩ জন প্রতিদিন ১,০০০/- টাকা হারে ২ ব্যাচ
(চ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা	৫৮,০০০/-	বক্তা সাপোর্টিং স্টাফসহ ৫০ জন ৫৮০/- টাকা হারে ২ ব্যাচ
(ছ) পানি	২,৭০০/-	আধা লিটার ১০ কেস ১৩৫/- টাকা হারে ২ ব্যাচ
(জ) পাটের ব্যাগ, নোটবুক ও কলম	৩৬,০০০/-	০২ ব্যাচের ৮০ সেট ৪৫০/- টাকা হারে
(ঝ) প্রশিক্ষণ মডিউল ফটোকপি ও বিবিধ	১০,০০০/-	০২ ব্যাচের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=২,২৩,৩০০/-	(কথায়ঃ টাকা দুই লক্ষ তেইশ হাজার তিনশত মাত্র)

০৩। এমতাবস্থায়, “বাজেট প্রস্তুত ও বাজেট ম্যানেজমেন্ট সফ্টওয়্যারের ব্যবহার”-শীর্ষক প্রশিক্ষণের ০২ ব্যাচে অংশগ্রহণের জন্য ৮০ (আশি) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, প্রশিক্ষণ কর্মসূচী এবং প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =২,২৩,৩০০/- (দুই লক্ষ তেইশ হাজার তিনশত মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্সে সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।

মোঃ খায়রুল বাশার
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চ: দাঃ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

মোঃ মিজানুল হক
(অতিরিক্ত দায়িত্ব)
উপব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।